অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/14/2025 **গভর্নর ক্যাথি হোকল**

রাজ্যপাল HOCHUL এই সপ্তাহান্তে রাজ্য জুড়ে শীতকালীন আবহাওয়ার জন্য রাজ্যের এজেন্সিগুলিকে প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছেন

রবিবার পর্যন্ত রাজ্যের বেশিরভাগ অংশে তুষারপাত ও বরফ জমে যাওয়ার সম্ভাবনা রয়েছে; পরিষেবার মেরামত ও পুনরুদ্ধারের জন্য রাজ্য জুড়ে 5,500 জন ইউটিলিটি কর্মী উপস্থিত থাকবেন।

স্থানীয় সরকারগুলির জন্য জরুরি লবণ সরবরাহকে সহজতর করার জন্য নির্বাহী আদেশ জারি করা হয়েছে

আপস্টেট জুড়ে এক চতুর্থাংশ ইঞ্চি পর্যন্ত বিস্তৃত বরফ জমা; অর্ধেক ইঞ্চি পর্যন্ত বরফ মোহক ভ্যালি এবং মিড-হাডসন অঞ্চলের উপর প্রভাব ফেলতে পারে।

নর্থ কান্ট্রির কিছু অংশে 18 ইঞ্চি পর্যন্ত তুষারপাত দেখা যেতে পারে

আজ 60 মাইল প্রতি ঘণ্টা বেগে ঝোড়ো বাতাস বইবে; রবিবার তাপমাত্রা কমে যাওয়ার ফলে ফ্ল্যাশ ফ্রিজিং হতে পারে।

রাজ্যপাল Kathy Hochul (ক্যাথি হোকল) আজ স্টেটের এজেন্সিগুলিকে আজ থেকে শুরু করে সপ্তাহান্ত পর্যন্ত তুষারপাতের জন্য প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছেন। আজ থেকে তুষারপাত শুরু হবে এবং রবিবার সকালের মধ্যে শীতকালীন মিশ্রণে রূপান্তরিত হবে। শুক্রবার 60 মাইল প্রতি ঘণ্টা বেগে বাতাস বইবে কিন্তু সপ্তাহান্তে তার বেগ কমে যাবে। বরফের সাথে মিশ্রিত তুষারপাত সপ্তাহান্তে গাড়ি চালানোর জন্য বিপজ্জনক পরিস্থিতি তৈরি করবে এবং যেসব এলাকায় বরফ বেশি জমা হবে সেখানে বিদ্যুৎ বিভ্রাট ঘটতে পারে। রবিবার রাতে তাপমাত্রা কমে যাওয়ার সম্ভাবনা রয়েছে, যা ফ্ল্যাশ ফ্রিজিংয়ের কারণে বিদ্যুৎ বিভ্রাটের সম্ভাবনাও বাড়িয়ে তুলতে পারে। মানুষের উচিত স্থানীয় পূর্বাভাসের দিকে নজর রাখা এবং ভ্রমণ করার সময় সাবধান হওয়া।

"আমাদের রাজ্যের বেশিরভাগ অংশ জুড়ে তুষারপাত, বরফ এবং ঝোড়ো বাতাস বইছে, তাই আমি রাজ্যের এজেন্সিগুলিকে নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার জন্য সম্ভাব্য সমস্ত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিচ্ছি," **রাজ্যপাল Hochul (হোকল) বলেছেন।** "আমাদের প্রচেষ্টাগুলির সমন্বয় সাধনের সময় আমার প্রশাসন আমাদের স্থানীয় সরকারের অংশীদারদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রাখছে, এবং আমি সকলকে তাদের স্থানীয় পূর্বাভাসগুলির উপর নজর রাখতে এবং ভ্রমণের সময় সতর্কতা অবলম্বন করতে উৎসাহিত করছি।"

আজ থেকে শুরু করে রবিবার পর্যন্ত, রাজ্যের বেশিরভাগ অংশে অন্টারিও হ্রদের পূর্ব দিকে লেক এফেক্টে তুষারপাত শুরু হবে এবং শনিবার সারা রাজ্যে ছড়িয়ে পড়বে। নর্থ কান্ট্রি জুড়ে 8 থেকে 18 ইঞ্চি, ওয়েস্টার্ন নিউ ইয়র্কে 6 থেকে 8 ইঞ্চি, অ্যালবানি থেকে রচেস্টার এবং NYC এর উত্তর দিকে 2 থেকে 6 ইঞ্চি এবং NYC এবং লং আইল্যান্ডে 1 থেকে 2 ইঞ্চি সহ ব্যাপক তুষারপাতের সম্ভাবনা রয়েছে। রবিবার রাতে আবার বাতাসের গতি বাড়বে এবং সোমবার পর্যন্ত ঘণ্টায় 50 মাইল বেগে দমকা হাওয়া বইতে পারে।

পশ্চিম হাডসন ভ্যালি এবং মোহক ভ্যালিতে অর্ধেক ইঞ্চি পর্যন্ত বরফ জমে যেতে পারে, নিউ ইয়র্ক সিটির উত্তর দিকে এবং রচেস্টারের পূর্বে, অপস্টেটের বাকি অংশ জুড়ে এক-চতুর্থাংশ পর্যন্ত বরফ জমা হতে পারে। শনিবার রাতে বাতাসের তীব্রতা বা "এর মতো মনে হওয়া" তাপমাত্রা 10 থেকে 29 এর মধ্যে থাকবে কিন্তু রবিবার রাতে একক সংখ্যায় কমে আসবে এবং পরবর্তী কয়েক দিন ধরে কম বা আরও কম থাকবে।

স্টেটকে আসন্ন ঝড়ের দ্বারা ক্ষতিগ্রস্ত স্থানীয় সরকারগুলির সাথে সমন্বয় করার এবং তাদের সাথে সংস্থান ভাগ করাকে চলমান রাখার অনুমতি দিয়ে রাজ্যপাল একটি জরুরি পরিস্থিতির ঘোষণা করে একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন। এর মধ্যে আছে স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation), যারা বিদ্যমান শেয়ার্ড সার্ভিস চুক্তির বাইরেও জরুরি অবস্থা দিয়ে প্রভাবিত মিউনিসিপ্যালিটিগুলিকে সাহায্য করবে। এই আদেশে এই ঝড়ের আগে জরুরি লবণ সরবরাহের সুবিধার্থে ট্রাক চালকদের জন্য "পরিষেবার সময়সূচি" এর প্রয়োজনীয়তাও মওকুফ করা হয়েছে এবং এতে রাজ্য এবং রাজ্য জুড়ে স্থানীয় এজেন্সিগুলিতে জরুরি লবণ সরবরাহের সুবিধার্থে অন্যান্য ব্যবস্থা অন্তর্ভুক্ত করা হয়েছে।

আবহাওয়ার সতর্কতার একটি সম্পূর্ণ তালিকা দেখার জন্য [জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) ওয়েবসাইটটি] ভিজিট করুন। নিউ ইয়র্কবাসীদের [NY Alert] এ সাবস্ক্রাইব করে জরুরি সতর্কতা পাওয়ার জন্য সাইন-আপ করতে উৎসাহিত করা হচ্ছে, এটি আপনার সেলফোনে বা কম্পিউটারে অতি গুরুত্বপূর্ণ জরুরি তথ্য দেওয়ার একটি বিনামূল্যের সার্ভিস।

এজেন্সির প্রস্তুতি

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (New York State Division of Homeland Security and Emergency Services)
ডিভিশনের অফিস অফ ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management) তাদের স্থানীয় কাউন্টারপার্টগুলির সাথে যোগাযোগ রাখছে এবং সহায়তার অনুরোধের ব্যবস্থা করার জন্য প্রস্তুত আছে। স্টেট মজুদ কর্মীরা আছে এবং প্রয়োজন অনুযায়ী জরুরি সাড়াদান সম্পদ এবং সাপ্লাই মোতায়েন করতে প্রস্তুত। স্টেটের ওয়াচ সেন্টারটি (Watch Center) ঝড় এবং পুরো স্টেটে এর প্রভাব ভালোভাবে মনিটর করছে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (New York State Department of Transportation)
স্টেটের পরিবহণ বিভাগ আবহাওয়ার পরিস্থিতি মনিটর করছে এবং 3,735 জন সুপারভাইজার ও অপারেটরদের নিয়ে রাজ্য জুড়ে সাড়াদানের জন্য প্রস্তুত আছে। সকল মাঠ পর্যায়ের কর্মীরা সম্পূর্ণভাবে নিযুক্ত হতে ও সাড়া দিতে তৈরি আছে। সাড়াদানের জন্য যা যা সরঞ্জাম আছে সব ব্যবহারের জন্য প্রস্তুত

আছে এবং ইভেন্টের পুরো সময়ে এবং জরুরি ক্লিনআপ অপারেশনের সময় অপারেটর, সুপারভাইজার, এবং মেকানিকদের নিয়ে অপারেশনের জন্য প্রভাবিত এলাকার সকল রেসিডেন্সিতে সপ্তাহে 7 দিন, দিনে 24 ঘণ্টাই কর্মীরা প্রস্তুত থাকবে।

স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1,635টি লার্জ প্লাউ ট্রাক
- 349টি বৃহৎ লোডার
- 158টি মিডিয়াম ডিউটি প্লাউ
- 154টি টো প্লাউ
- 30টি স্নো ব্লোয়ার
- 20টি গ্রেডার

পুরো সময়জুড়ে আবহাওয়ার অবস্থা বিবেচনায় নিয়ে বাড়তি সম্পদ বরাদ্দের প্রয়োজন পুনর্মূল্যায়ন করা হবে।

রিয়েল টাইম যাত্রার তথ্য পাওয়ার জন্য গাড়ির চালকেরা 511 নম্বরে ফোন করতে বা 511ny.org ভিজিট করতে পারবে, এটি নিউ ইয়র্ক স্টেটের ট্র্যাফিক ও যাত্রা তথ্যের অফিসিয়াল উৎস।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে কর্তৃপক্ষ পূর্বাভাসের উপর নজর রাখছে এবং 692 জন অপারেটর এবং সুপারভাইজারকে নিয়ে সাড়াদানের জন্য তৈরি আছে। স্টেটব্যাপী সরঞ্জামের সংখ্যা ও সংস্থানসমূহের তালিকা নিচে দেওয়া হলো:

- 340টি বৃহৎ ও মিডিয়াম ডিউটি প্লাউ ট্রাক
- 9টি টো প্লাউ
- 63টি লোডার

থ্রুওয়েতে মোটর চালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে ভ্যারিয়েবল মেসেজ সাইন (Variable Message Signs) ও সোশ্যাল মিডিয়া X এবং Facebook ব্যবহার করা হয়।

এই তুষারপাত আর তুষারের মৌসুমের জন্য নতুন হল, থ্রুওয়ের 250টি হেভি ডিউটি প্লাউ ট্রাকের প্রতিটিতে সবুজ হ্যাজার্ড লাইট লাগানো হয়েছে যা স্ট্যান্ডার্ড অ্যাম্বার হ্যাজার্ড লাইটের সাথে একত্রে কাজ করবে। গ্রিন লাইটের উদ্দেশ্য হলো শীতকালীন অপারেশনের সময় ভিজিবিলিটি বাড়ানো এবং নিরাপত্তা বাড়ানো, বিশেষ করে কম আলোর অবস্থা এবং খারাপ আবহাওয়াতে। গাড়ি চালকদেরকে মনে করিয়ে দেওয়া হচ্ছে যে থ্রুওয়ের স্নো-প্লাউগুলো ঘণ্টায় 35 মাইল গতিবেগে চলাচল করে — যা বহু ক্ষেত্রেই পোস্ট করা গতিসীমার চেয়ে কম হয়ে থাকে — যাতে ছিটিয়ে দেয়া লবণগুলো ড্রাইভিং লেনের মধ্যেই থাকে এবং সড়কপথের বাইরে ছিটকে না পড়ে সে বিষয়টি নিশ্চিত করা যায়। গাড়ি চালকদের জন্য সবথেকে নিরাপদ জায়গা হলো স্নোপ্লাউয়ের পেছনে বেশ দূরে থাকা যেখানে রাস্তা পরিষ্কার করা হয়েছে ও লবণ ছড়ানো হয়েছে।

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক সম্পর্কে তথ্য, লাইভ ট্রাফিক ক্যামেরা, ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে তথ্যের জন্য মোটর

চালকরা TRANSalert ইমেলের জন্য সাইন-আপ করতে পারেন এবং X-এ @ThruwayTraffic-কে ফলো করতে পারেন।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস (New York State Department of Public Service)

নিউ ইয়র্ক স্টেট (New York State) ব্যাপী ক্ষয়ক্ষতি মূল্যায়ন, পরিস্থিতি মোকাবেলা ও পুনরুদ্ধার প্রচেষ্টার উদ্দেশ্যে নিয়োজিত করার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটিগুলিতে বর্তমানে প্রায় 5,500 জন মতো কর্মী রয়েছে। এজেন্সির কর্মীরা পুরো সময় ইউটিলিটিগুলির কার্যক্রমের উপর নজর রাখবে এবং সবথেকে বেশি প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর পর্যাপ্ত কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ

স্টেট পুলিশ সব টুপারকে সতর্ক থাকার নির্দেশ দিয়েছে এবং প্রয়োজন অনুযায়ী ক্ষতিগ্রস্থ এলাকায় অতিরিক্ত পেট্রোল মোতায়েন করবে। সকল চার চাকার গাড়ি চলাচল করছে এবং বিশেষায়িত গাড়ি যেমন- ইউটিলিটি টেরেন ভেহিকল ও স্নোমোবাইল সবই চলাচলের জন্য প্রস্তুত অবস্থায় রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (New York State Department of Environmental Conservation, DEC)

DEC-এর ইমার্জেন্সি ম্যানেজমেন্ট স্টাফ, এনভায়রনমেন্টাল কনজার্ভেশন পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার এবং আঞ্চলিক স্টাফ সতর্ক আছে এবং তৈরি হওয়া পরিস্থিতি এবং আবহাওয়ার পূর্বাভাসের উপর নজর রাখছে। তুষারের কারণে যেসব প্রভাবের সম্ভাবনা আছে তার প্রস্তুতিতে টার্গেট করা এলাকাগুলিতে ব্যবহারের জন্য হাতে থাকা সকল সম্পদের রিসোর্স, যার মধ্যে ফার্স্ট রেস্পন্ডার আছে, তা মোতায়েন করাকে কোঅর্ডিনেট করতে পার্টনার এজেন্সিগুলির সাথে কাজ করে DEC প্রস্তুত আছে।

DEC তুষার অপসারণ ও পরিত্যাগের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের মনে করিয়ে দিচ্ছে যে তারা বন্যা প্রতিরোধ করতে এবং পানির মানকে লবণ, বালি, তেল, আবর্জনা এবং অন্যান্য অবশিষ্টাংশের মতো দূষণকারী পদার্থ দ্বারা প্রভাবিত হওয়ার সম্ভাবনা হ্রাস করতে সাহায্য করার জন্য সর্বোত্তম ব্যবস্থাপনার অনুশীলনগুলি যাতে মেনে চলেন। স্থানীয় খাঁড়ি ও খালগুলোতে বরফ ফেলার কারণে বরফের বাঁধ তৈরি হতে পারে, যার ফলে বন্যা দেখা দিতে পারে। সরকারি ও বেসরকারি তুষার অপসারণ অপারেটরদেরকে শীতকালীন ঝড় চলাকালীন ও পরবর্তী এইসব নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অবগত থাকতে হবে। DEC-এর ডিভিশন অফ ওয়াটার টেকনিক্যাল এবং অপারেশনাল গাইডেন্স সিরিজ: স্নো ডিস্পোজালে (Division of Water Technical and Operational Guidance Series: Snow Disposal)-এ অতিরিক্ত তথ্য পাওয়া যাবে।

অ্যাডিরনড্যাকস, ক্যাটস্কিলস ও অন্যান্য ব্যাককান্ট্রি এলাকায় অনুমান করা যাচ্ছে না এমন শীতের আবহাওয়া ও ঝড় অপ্রত্যাশিতভাবে বিপজ্জনক পরিস্থিতি তৈরি করতে পারে। বেড়াতে যাওয়া মানুষের উচিত তুষার, বরফ এবং ঠাণ্ডার জন্য যথাযথ পোশাক ও সরঞ্জাম নিয়ে তৈরি থাকা উচিত, যাতে শীতের অভিজ্ঞতা নিরাপদ হয় বলে নিশ্চিত করা যায়। অ্যাডিরন্ড্যাকে তুষারের গভীরতার মধ্যে অনেক পার্থক্য থাকতে পারে, হাই পিকস (High Peaks) অঞ্চলের উঁচু জায়গায় এবং 3,000 ফুটের বেশি অন্যান্য পাহাড়ে সবথেকে গভীর তুষার পড়বে। কম উচ্চতার ট্রেইলগুলি জমে আছে যার মধ্যে ক্যাটস্কিল মাউন্টেন্সের অনেকগুলি ট্রেইল আছে।

যেহেতু কোনো কোনো ওয়াটারওয়ে জমে যাওয়া শুরু হয়েছে, তাই বেড়াতে যাওয়ার আগে বরফের নিরাপত্তা সম্পর্কিত গাইডলাইন দেখার জন্য DEC প্রকৃতিপ্রেমীদেরকে পরামর্শ দিচ্ছে।

হাইকারদের সাময়িকভাবে উচ্চ-উচ্চতার ট্রেইলের পাশাপাশি নদী এবং স্রোত পারাপারের ট্রেইলগুলি এড়ানোর পরামর্শ দেওয়া হচ্ছে। ট্রেইলের পরিস্থিতি, মৌসুমী রাস্তা বন্ধ হওয়া, এবং সাধারণ বিনোদনের তথ্য সম্পর্কে সর্বশেষ খবরের জন্য অ্যাডিরন্ড্যাকসের হাইকারদেরকে অ্যাডিরন্ড্যাক ব্যাককান্ট্রি ইনফর্মেশন (Adirondack Backcountry Information) ওয়েবপেজগুলি চেক করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

যারা ব্যাককান্ট্রিতে বেড়াতে যাবেন তাদের স্মার্টভাবে হাইক করা (Hike Smart) উচিত এবং যথাযথ নিরাপত্তার গাইডলাইন মেনে চলা উচিত। ভেবেচিন্তে ভ্রমণের পরিকল্পনা করুন। জরুরি প্রয়োজনে, 9-1-1 নম্বরে ফোন করুন। ফরেস্ট রেঞ্জার সহায়তা অনুরোধ করার জন্য, 1-833-NYS-RANGERS নম্বরে ফোন করুন।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণের দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)
নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। প্রতিক্রিয়া সরঞ্জাম প্রসার করা হচ্ছে, পরীক্ষিত এবং ঝড় প্রতিক্রিয়া ব্যবহারের জন্য প্রস্তুত করা হচ্ছে। পার্কে বেড়াতে আসা মানুষের উচিত parks.ny.gov ভিজিট করা, বিনামূল্যের মোবাইল অ্যাপ দেখা, অথবা পার্ক কতক্ষণ খোলা থাকে, খোলা ও বন্ধের সময় সম্পর্কে সর্বশেষ আপডেট জানতে তাদের স্থানীয় পার্কের অফিসে ফোন করা।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority, MTA)

মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি নিরাপদ, নির্ভরযোগ্য সেবা নিশ্চিত করতে নিবিড়ভাবে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে। লবণ ছিটানো, যেসব প্ল্যাটফর্ম ও সিঁড়িতে বরফ রয়েছে সেগুলো পরিষ্কার রাখা এবং সিগনাল, সুইচ, ও থার্ড রেল কর্মক্ষম রাখা, ট্র্যাকের উপর পড়ে থাকা গাছপালা সরানো এবং আবহাওয়ার ফলে তৈরি হওয়া যেকোনো প্রতিকূলতা মোকাবেলার জন্য MTA কর্মীরা নিয়োজিত থাকবেন। MTA ব্রিজ ও টানেল (MTA Bridges and Tunnels) মোটরযান চালকদের বরফে ঢাকা সড়কপথে গাড়ি চালানোর সময় সতর্কতা অবলম্বন করতে এবং গতি কমিয়ে গাড়ি চালাতে পরামর্শ দেয়।

সর্বশেষ সেবা সংবাদ সম্পর্কে https://www.mta.info এ খোঁজ রাখার জন্য, এবং এই সিস্টেমে চলাচল করার সময় সতর্কতা অবলম্বন করার জন্য গ্রাহকদের উৎসাহিত করা যাচ্ছে। গ্রাহকদের টেক্সট বা ইমেইলের মাধ্যম রিয়েল টাইম সার্ভিস অ্যালার্টের জন্য সাইন আপ করা উচিৎ। এই সতর্কতাগুলি MTA অ্যাপ এবং TrainTime (ট্রেনটাইম) অ্যাপের মাধ্যমেও উপলভ্য।

নিউ ইয়র্ক ও নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey)

পোর্ট অথোরিটি তার সকল স্থাপনা জুড়ে আবহাওয়া পরিস্থিতি পর্যবেক্ষণ করে। তীব্র আবহাওয়ার ঘটনায় এজেন্সি যাত্রা সতর্কতা জারি করে এবং ফেসিলিটি ইমেল সতর্কতা বা সোশ্যাল মিডিয়ার মাধ্যমে প্রয়োজনমতো সর্বশেষ তথ্য প্রদান করে। বন্দর কর্তৃপক্ষের (Port Authority) ফেসিলিটিগুলো সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA সতর্কতার জন্য সাইন-আপ করুন অথবা RidePATH যেটি পাথ (PATH) সার্ভিসের জন্য রিয়েল-টাইম আপডেট ও সতর্কতা প্রদান করে সেটি সহ PA মোবাইল অ্যাপগুলির মধ্যে একটি ডাউনলোড করুন।

নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

ঠাণ্ডা আবহাওয়ার জন্য পোষাক

- উষ্ণ টুপি এবং গ্লাভস; অতি ঠাণ্ডার ফেস মাস্ক পরিধান করুন
- কয়েক স্তরের পোষাক পরিধান করুন ও উন্মুক্ত ত্বক আচ্ছাদিত করুন
    - শরীরের উপরের অংশে 2-3 স্তরের পোষাক এবং শরীরের নিচের অংশে 1-2 স্তরের পোষাক
    - বাতাস এবং ভেজা তুষারকে ঠেকাতে আরেকটি উপরের স্তরের পোষাক
- ওয়াটার প্রুফ বুট

আপনার পোষা প্রাণীর কথাও ভুলে যাবেন না

- আপনার পোষা প্রাণীকে উষ্ণ, শুকনো এবং সম্ভব হলে ঘরের ভেতরে রাখুন
- প্রচুর খাবার এবং জল সরবরাহ করুন কারণ শীতকালে ডিহাইড্রেশন বিপজ্জনক।
- বাইরে থাকাকালীন পোষা প্রাণীদের উষ্ণ কাপড়ে মুড়িয়ে রাখুন, বাইরে থাকার তাদের সময় সীমিত করুন এবং বাড়ির ভিতরে আনার সময় তাদের পায়ের তালু সহ তাদের পুঙ্খানুপুঙ্খভাবে পরিষ্কার করুন।

চলাচল

নিরাপদে গাড়ি চালানোর জন্য কিছু গুরুত্বপূর্ণ পরামর্শের মধ্যে রয়েছে:

- আপনার স্থানীয় এলাকা এবং আপনি যে এলাকায় ভ্রমণ করছেন তার জন্য পূর্বাভাস মনিটর করুন।
- অপ্রয়োজনীয় ভ্রমণ এড়িয়ে চলুন।
- যদি আপনাকে ভ্রমণ করতেই হয়, আপনার গাড়িতে জীবন-রক্ষাকারী সরঞ্জাম যেমন কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারির বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- যদি আপনার কাছে ব্যবহারের জন্য সেল ফোন অথবা অন্যান্য যোগাযোগের ডিভাইস যেমন টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং কোথাও যাওয়ার সময় সেটি আপনার সাথে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য কল করে উদ্ধারকারীদেরকে আপনার লোকেশন জানাতে পারবেন।
- শীতকালীন সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহনজনিত দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।
- সকল সড়কে চলাচলকারী মোটর চালকদের জন্য এটি জেনে রাখা গুরুত্বপূর্ণ যে স্নো-প্লাউগুলো ঘণ্টায় 35 মাইল গতিবেগে চলাচল করে, যা বহু ক্ষেত্রেই পোস্ট করা গতিসীমার চেয়ে কম হয়ে থাকে।
- প্রায় ক্ষেত্রেই ইন্টারস্টেট হাইওয়েগুলোতে স্নো-প্লাউগুলো পাশাপাশি অপারেট করে, কারণ এতে একাধিক লেন একসাথে নিরাপদে পরিষ্কার করা যায়।

- গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে।
- গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে। স্নোপ্লো চালু থাকা অবস্থায় কখনোই সেটি অতিক্রম করার চেষ্টা করবেন না।

বিদ্যুৎ বিভ্রাট

- এলাকাভিত্তিক মেরামতের সময়সূচি জানতে আপনার ইউটিলিটির কাছে যাচাই করুন।
- বিদ্যুৎ সংযোগ চলে গেলে, পরিষেবা ফিরে আসার সময় সার্কিট ওভারলোড হওয়া রোধ করতে লাইট ও অ্যাপ্লায়েন্সগুলো বন্ধ রাখুন বা প্লাগ খুলে রাখুন; কখন বিদ্যুৎ ফিরে আসছে তা জানার জন্য একটি বাতি জ্বালিয়ে রাখুন।
- যদি শীতকালীন ঝড়ের সময়ে হিটিং চলে যায়, তাহলে আপনার যেসব কক্ষ প্রয়োজন নেই সেগুলো বন্ধ করে দেওয়ার মাধ্যমে উষ্ণতা ধরে রাখুন।

একটি বিদ্যুৎ বিভ্রাট রিপোর্ট করতে, ফোন করুন:

- সেন্ট্রাল হাডসন: 800-527-2714
- কন এডিসন: 800-752-6633
- ন্যাশনাল গ্রিড: 800-867-5222
- NYSEG: 800-572-1131
- O&R: 877-434-4100
- PSEG-LI: 800-490-0075
- RG&E: 800-743-1701

হিটিং সংক্রান্ত সতর্কতা

- বিকল্প তাপের জন্য শুধু নিরাপদ উৎস যেমন ফায়ারপ্লেস, ছোট আকারের ভালো ভেন্টযুক্ত কাঠের বা কয়লার চুলা বা পোর্টেবল স্পেস হিটার ব্যবহার করুন।
- ফায়ারপ্লেস, উডস্টোভ, ইত্যাদির মতো বিকল্প হিট সোর্স ব্যবহার করার সময় আপনার সঠিক ভেন্টিলেশন আছে কিনা তা সবসময় নিশ্চিত হয়ে নিবেন এবং ম্যানুফ্যাকচারারের ইন্সট্রাকশন ফলো করুন।
- পর্দা, তোয়ালে এবং পটহোল্ডারগুলোকে উত্তপ্ত পৃষ্ঠতল থেকে দূরে রাখুন।
- একটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং স্মোক ডিটেক্টর রাখুন এবং সেগুলো কাজ করছে তা নিশ্চিত করুন।
- যদি আপনি আপনার হিটিং-এর নিয়মিত জ্বালানির সম্পূরক হিসেবে, অথবা জরুরি পরিস্থিতিতে তাপের উৎস হিসেবে কেরোসিন হিটার ব্যবহার করেন, তাহলে নিম্নলিখিত নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ অনুসরণ করুন:
- উৎপাদকের নির্দেশনা অনুসরণ কর।
    - আপনার ইউনিটের জন্য শুধু সঠিক জ্বালানি ব্যবহার করুন।

- শুধু ঘরের বাইরে এবং শুধুমাত্র যখন ইউনিটটি ঠাণ্ডা থাকে তখন পুনরায় জ্বালানি ভর্তি করুন।
- হিটারকে আসবাবপত্র এবং অন্যান্য দাহ্য বস্তু থেকে কমপক্ষে তিন ফুট দূরে রাখুন।
- হিটার ব্যবহার করার সময়, আগুন থেকে সুরক্ষার পদক্ষেপসমূহ এবং ভেন্টিলেশন যথাযথভাবে ব্যবহার করুন।

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য dhses.ny.gov/safety ভিজিট করুন। ঘূর্ণিঝড়ের আগে, সময়ে বা পরবর্তীতে নিউ ইয়র্ক স্টেটে জরুরি নয় এমন পরিষেবার জন্য 211 নম্বরে কল করুন বা ভিজিট করুন www.211nys.org/।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES)-এর উদ্দেশ্য হলো বিপদ ও অন্যান্য জরুরি পরিস্থিতি প্রতিরোধ, সুরক্ষা, প্রস্তুতি, প্রতিক্রিয়া, পুনরুদ্ধার এবং প্রশমনে নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করা। আরো তথ্যের জন্য @NYSDHSES কে অনুসরণ করুন ফেসবুকে (Facebook), ইনস্টাগ্রামে (Instagram) ও X এ, অথবা dhses.ny.gov ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন